

ঢাকা, ১৩ জুন ২০১৯

ই-লার্নিং প্রক্রিয়াকে টেকসই করতে মানসম্মত কনটেন্ট প্রস্তুত করতে হবে।

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি, এম পি

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি, এম. পি. বলেছেন উন্নত বিশ্বের সাথে তাল মিলাতে গিয়ে কোন ক্রমেই আমাদের শিক্ষা ব্যবস্থার ক্ষতি করা হবে। আমাদেরকে আমাদের দেশের মত করে শিক্ষা কার্যক্রম এগিয়ে নিয়ে যেতে হবে। ই-লার্নিং পদ্ধতি চালু করতে গেলে আমাদের দেখতে তা আমাদের দেশের জন্য উপযোগী কি না, টেকসই কিনা এবং আর্থিকভাবে সাশ্রয়ী কি না

তিনি বলেন আমরা অনেক টাকা খরচ করে কোন সিস্টেম চালু করলাম কিন্তু কিছু দিন পর তা আর কাজ করল না। তাহলে হবেনা। আগে আমাদের দেখতে হবে কত কম খরচে কিভাবে ভাল সার্ভিস পাওয়া যায়।

তিনি আজ রাজধানীর সোনারগাঁ হোটেলে, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ) এর আওতায় মাধ্যমিক পর্যায়ে শিখন, শেখানো কার্যক্রমে ই-লার্নিং এর ব্যবস্থার বিষয়ক গোলটেবিল বৈঠকে প্রধান অতিথির বক্তৃতায় একথা বলেন।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব ড. মো: মাহামুদ-উল-হক এর সভাপতিত্বে গোলটেবিল আলোচনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের উপমন্ত্রী মুহিবুল হাসান চৌধুরী। এই গোলটেবিল আলোচনায় শিক্ষা মন্ত্রণালয় বিভিন্ন বিশ্ববিদ্যালয় এবং বিভিন্ন পর্যায়ের আইসিটি বিশেষজ্ঞরা অংশ গ্রহন করেন।

বক্তৃতা গোল টেবিল আলোচনায় প্রাইমারী ও সেকেন্ডারী পর্যায়ে ই লার্নিং কার্যকর পদ্ধতি নয় বলে অভিমত দেন। যুক্তি হিসেবে তারা বলেন ই লার্নিং প্রক্রিয়ায় সোসালাইজেশন প্রক্রিয়া ব্যাহত হবে। ই-লার্নিং উচ্চ শিক্ষার ক্ষেত্রে প্রয়োজ্য হতে হবে।

মোহাম্মদ আবুল খায়ের

তথ্য ও জনসংযোগ কর্মকর্তা

শিক্ষা মন্ত্রণালয়

মোবাইল নাম্বার: ০১৭১৬০৬৬৮৮৮